



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাশিবো/বি/অ/৫৫/গোপাল ন ৪০

তারিখ: ০৫/১২/২২

বিষয়: কারণ দর্শনোর প্রসংগে।

সূত্র:১)ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/অ/৫৫/গোপাল/৫৫১ তারিখঃ ১১/১০/২০২১ মাধ্যমে(তদন্ত কমিটি গঠনের) প্রেরিত পত্র।

২) তদন্ত কমিটির কর্তৃক ১৪/১১/২০২১ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে আদিষ্ট হয়ে গঠিত তদন্ত কমিটি বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।

সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত তদন্ত প্রতিবেদন অনুযায়ী, ঢাকা শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে এবং ডাটাবেইজ এ প্রতিষ্ঠানটি “মুকসুদপুর পাইলট বালক উচ্চ বিদ্যালয়” হিসাবে অনুমোদিত। সরেজমিনে তদন্তকালীন সময় দেখা যায় যে, প্রতিষ্ঠানটিতে সহশিক্ষা কার্যক্রম চালু রয়েছে। প্রতিষ্ঠানটি “বালক” উচ্চ বিদ্যালয় হওয়া সত্ত্বেও শিক্ষা বোর্ড/শিক্ষা মন্ত্রণালয় পূর্বানুমতি ব্যতিরেকে সহশিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। যা শিক্ষা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ/নির্দেশ অবমাননার সামিল।

এমতাবস্থায়, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানটিতে আগামী শিক্ষাবর্ষ (২০২২-২০২৩) হতে সহশিক্ষা কার্যক্রম বন্ধ করা হলো। পাশাপাশি শিক্ষা বোর্ড/শিক্ষা মন্ত্রণালয় পূর্বানুমোদন ব্যতিরেকে কিভাবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানটিতে সহশিক্ষা কার্যক্রম চালু রয়েছে তা পত্র ইস্যুর তারিখ থেকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শনো সহ আগামী শিক্ষাবর্ষ হতে বোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)

মুকসুদপুর পাইলট বালক উচ্চ বিদ্যালয়


মুকসুদপুর, গোপালগঞ্জ।

মেমো নং- ন ৪০(৯)


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ।
- ৮। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

তারিখ: ০৫/১২/২২


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


ন ৪০(৯)